কাশ্মীর |'পরকালের ভ্রমণকারীরা' শিরোনামে আনসার গাজওয়াতুল হিন্দের নতুন ভিডিও প্রকাশ

আল-কায়েদা ভারতীয় উপমাহাদেশ ভিত্তিক কাশ্মীর শাখা আনসার গাজওয়াতুল হিন্দের অফিসিয়াল 'আল-হুর' মিডিয়া 'আমরা পরকালের ভ্রমণকারীরা-পর্ব ৪' শিরোনামে ৪ মিনিট ৪০ সেকেন্ডের একটি ভিডিও প্রকাশ করেছে।

ভিডিওটি তৈরি করা হয়েছে AHG এর প্রাক্তন আমীর শহিদ হারুন আব্বাস রহিমাহুল্লাহ ও তাঁর ২ সাথীর শাহাদাত বিষয়ে।

আমীর শহিদ হামীদ লালহারী (হারুন আব্বাস) রহিমাহুল্লাহ ছিলেন কাশ্মীরের পালওয়ামা জেলার লালহার এলাকার বাসিন্দা। যিনি AHG এর প্রথম আমীর শহিদ জাকির মূসা রহিমাহুল্লাহ'র পৃষ্ঠপোষকতায় তাঁর জিহাদী জীবনের সূচনা শুরু করেন। পরে ২০১৯ ঈসায়ী আমীর জাকির মূসা রহিমাহুল্লাহ'র শাহাদাতের পর AGH এর নতুন আমীর হিসাবে তাকে নিযুক্ত করা হয়। এরপর তিনি ঐ বছরেরই ২৩ অক্টোবর তাঁর দুই মুজাহিদ সাথীসহ ট্রাল অঞ্চলে ভারতীয় মুশরিক সৈন্যদের সাথে লড়াইরত অবস্থায় শাহাদাত বরণ করেন।

তাঁর সাথীদের মধ্যে একজন ছিলেন শহিদ জুনায়েদ রশিদ (লোকমান) রহিমাহুল্লাহ। যিনি কাশ্মীরের ট্রাল অঞ্চলের বাসিন্দা ছিলেন। তিনি তাঁর ভাই শহিদ জাহেদ বাট (রহ.) এর মত শরিয়াহ্ অথবা শাহাদাতের ডাকে সাড়া দিয়ে আমীর জাকির মূসা (রহ.) পৃষ্ঠপোষকতায় জিহাদী জীবনের সূচনা করেন। তিনিও ট্রাল এলাকায় ভারতীয় মুশরিক সৈন্যদের সাথে লড়াইরত অবস্থায় শাহাদাত বরণ করেন।

শহিদ নাভেদ আহমদ রহিমাহুল্লাহ, তিনিও আমির হারুন আব্বাস ও জুনায়েদ রশিদ রহিমাহুমুল্লাহ'র সাথে ট্রাল অঞ্চলে মুশরিক হিন্দু সৈন্যদের সাথে লড়াইরত অবস্থায় শাহাদাত বরণ করেন। তিনি ছিলেন কাশ্মীরের পুলওয়ামা অঞ্চলের বাটপুরা এলাকার বাসিন্দা। তিনি ২০১৯ ইসায়ী শরিয়াত ও শাহাদাতের ডাকে সাড়ে দিয়ে আমীর শহিদ জাকির মূসা (রহ.) পৃষ্ঠপোষকতায় জিহাদী জীবনের সূচনা করেন।

https://alfirdaws.org/2020/11/20/44382/

১৯শে নভেম্বর, ২০২০

৩৯ বেসামরিক আফগানকে ঠাণ্ডা মাথায় খুন করেছে অস্ট্রেলীয় সেনারা

আফগানিস্তানে দায়িত্ব পালনকালে অবৈধভাবে দেশটির ৩৯ জন বেসামরিক নাগরিককে হত্যা করেছে অস্ট্রেলিয়ান সেনারা। এমন ভয়ঙ্কর তথ্য উঠে এসেছে অস্ট্রেলিয়া সরকারের নিজস্ব তদন্ত প্রতিবেদনে। বৃহস্পতিবার এই প্রতিবেদনটি প্রকাশ করেছে কর্তৃপক্ষ।

আফগানিস্তানে অস্ট্রেলীয় সেনাদের সম্ভাব্য যুদ্ধাপরাধের অভিযোগের মুখে এই তদন্ত শুরু করে দেশটির কর্তৃপক্ষ। তদন্ত প্রতিবেদনে বলা হয়েছে, আফগানিস্তানের অস্ট্রেলিয়ান স্পেশাল ফোর্সের মধ্যে হত্যাকাণ্ডের প্রতিযোগিতা হত্যাকাণ্ড এবং 'রক্তের লালসা' পরিলক্ষিত হয়েছে।

আফগানিস্তানে সংঘটিত এসব হত্যাকাণ্ডের জন্য ১৯ জনের ব্যাপারে তদন্ত করতে অস্ট্রেলিয়ার পুলিশ বাহিনীর প্রতি সুপারিশ করেছে দেশটির সামরিক বাহিনী।

অভিযুক্ত ১৯ জনের সবাই অস্ট্রেলিয়ান স্পেশাল ফোর্সের সদস্য। তাদের বিরুদ্ধে ২০০৯ থেকে ২০১৩ সালের মধ্যে আফগানিস্তানে বিভিন্ন খুন ও নিষ্ঠুর কর্মকাণ্ডসহ অন্তত ৩৬টি যুদ্ধাপরাধের অভিযোগ রয়েছে।

হত্যাকাণ্ডের শিকার ব্যক্তিরা বন্দী, কৃষক কিংবা সাধারণ আফগান নাগরিক ছিলেন।

২০১৬ সালের মার্চে এই তদন্ত কাজ শুরু হয়। চার বছরেরও বেশি সময় পর বৃহস্পতিবার এর প্রতিবেদন প্রকাশিত হলো।

সূত্র: আল জাজিরা, সিএনএন।

সন্ত্রাসবাদের মিথ্যা অভিযোগে একবছর বন্দী থাকার পর জামিনে মুক্তি

সন্ত্রাসবাদের মিথ্যা অভিযোগে একবছর বন্দী থাকার পর মাওলানা কালিমুদ্দিন মাজাহিরিকে জামিনে মুক্তি দিয়েছে ঝাড়খণ্ড হাইকোর্ট।

ঝাড়খণ্ডের অ্যান্টি টেররিস্ট স্কোয়াড গতবছর ২০১৯ সালের ২১ সেপ্টেম্বর জামশেদপুর থেকে মাওলানা কালিমুদ্দিন মাজাহিরিকে গ্রেফতার করে ঝাড়খণ্ড পুলিশ।

নাটকীয়ভাবে তৎকালীন ঝাড়খণ্ডের এটিএসের এডিজি এমএল মিনা মাওলানা কালিমুদ্দিনকে সামনে হাজির করিয়ে প্রেস কনফারেন্স করে আল কায়েদার সাথে সম্পৃক্তার কথা বলেন। তার ভিত্তিতে বিভিন্ন সংবাদপত্র প্রথম পাতায় বড় বড় হেডিংয়ে আল কায়েদার মুজাহিদ গ্রেফতারের সংবাদ প্রকাশ করে!

কিন্তু তার বিরুদ্ধে মুজাহিদদের সাথে সম্পৃক্ততার কোনও প্রমাণ দিতে পারে নি ঝাড়খন্ড পুলিশ ও ঝাড়খণ্ডের অ্যান্টি টেররিস্ট স্কোয়াড। পরে হাইকোর্টে তাকে জামিনে মুক্তি দেওয়া হয়। মিথ্যা অভিযোগে বন্দী থাকার পর জামিনে মুক্তি পাওয়ার খবর অবশ্য সেই সব সংবাদপত্রে স্থান পায়নি।

মোদী সরকারের শাসন আমলে সন্ত্রাসবাদের মিথ্যা অভিযোগে কত নিরীহ মুসলিমের জীবন ধ্বংস হচ্ছে তার সঠিক কোন হিসেব নেই!!

শীতাতপনিয়ন্ত্রিত হাসপাতালে ‘ভিআইপি সেবা’য় শুয়ে-বসে দিন কাটছে জি কে শামীমের

ক্যাসিনো-কাণ্ডে গ্রেপ্তার বিতর্কিত ঠিকাদার এস এম গোলাম কিবরিয়া ওরফে জি কে শামীম প্রভাব খাটিয়ে এখনো হাসপাতালেই রয়েছে। চিকিৎসার কথা বলে আট মাসের বেশি সময় ধরে সে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) আছে। হাসপাতালের প্রিজন্স অ্যানেক্স ভবনের চারতলা ভবনের শীতাতপনিয়ন্ত্রিত একটি কক্ষে শুয়ে-বসে দিন কাটছে তার।

কারাগারের এক কর্মকর্তা বলেছে, হাসপাতালে ‘ভিআইপি সেবা’ দেওয়া হচ্ছে জি কে শামীমকে। হাসপাতালে তাঁকে নিরাপত্তা দিতে কারা কর্তৃপক্ষেরও বিশেষ ব্যবস্থা রয়েছে। গত ৫ এপ্রিল ডান হাতের চিকিৎসার জন্য তাঁকে কেরানীগঞ্জে স্থাপিত ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে হাসপাতালে পাঠানো হয়।

চিকিৎসা শেষে দুই দিনের মধ্যে তাঁকে কারাগারে পাঠানোর কথা ছিল। কিন্তু হাসপাতাল কর্তৃপক্ষ দফায় দফায় চিঠি পাঠালেও তাঁকে কারাগারে ফেরত পাঠানো হচ্ছে না। এর সন্তোষজনক কোনো জবাব হাসপাতাল কর্তৃপক্ষ দিচ্ছে না বলে কারা সূত্র জানিয়েছে।

কারা অধিদপ্তরের একটি সূত্র বলছে, জি কে শামীমকে হাসপাতালে পাঠাতে ‘উচ্চপর্যায়ের’ তদবির ছিল। এখনো তাঁকে আরাম-আয়েশে হাসপাতালে রাখার জন্য প্রভাবশালীদের অনুরোধ রয়েছে।

সাবেক আইজি প্রিজন (কারা মহাপরিদর্শক) এ কে এম মোস্তফা কামাল পাশার সুপারিশে জি কে শামীমকে চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানো হয়েছিল।

জি কে শামীমকে ফেরত পাঠাতে ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে সর্বশেষ ৯ নভেম্বর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পরিচালককে (হাসপাতাল) চিঠি পাঠানো হয়। চিঠিতে বলা হয়, বর্তমানে কেন্দ্রীয় কারাগারের বন্দী রোগীসহ সারা দেশের বিভিন্ন কারাগার থেকে উন্নত চিকিৎসার জন্য প্রতিদিন ২০০ জন কারারক্ষী ও প্রধান কারারক্ষী নিয়োগ করতে হয়। এতে কারাগারে থাকা প্রায় ১০ হাজার ২৯৭ জন বন্দী ও বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন ২০ থেকে ২৫ জন বন্দীর সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে কারা প্রশাসনকে হিমশিম খেতে হচ্ছে।

এ বিষয়ে ঢাকা কেন্দ্রীয় কারাগারের জেল সুপার সুভাষ কুমার ঘোষ বলেন, ‘চিকিৎসার জন্য আমরা পাঠালেও ফেরত দেওয়ার দায়িত্ব হাসপাতাল কর্তৃপক্ষের। আমরা প্রত্যেক মাসে চিঠি দিচ্ছি এই বন্দীকে ফেরত পাঠাতে। আমরা আর কী করতে পারি?’

গ্রেপ্তারের আগে জি কে শামীম কখনো নিজেকে যুবলীগের সমবায়বিষয়ক সম্পাদক হিসেবে পরিচয় দিত। আবার কখনো পরিচয় দিত নারায়ণগঞ্জ জেলা আওয়ামী লীগের সহসভাপতি হিসেবে। চলত সামনে-পেছনে সাতজন সশস্ত্র দেহরক্ষী নিয়ে। গণপূর্ত অধিদপ্তরের বড় কাজের প্রায় সবই ছিল তাঁর প্রতিষ্ঠানের কবজায়। গত বছরের ২০ সেপ্টেম্বর রাজধানীর নিকেতনের কার্যালয়ে অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়। ওই দিন তাঁর কার্যালয় থেকে নগদ ১ কোটি ৮০ লাখ টাকা, ১৬৫ কোটি টাকার স্থায়ী আমানতের (এফডিআর) কাগজপত্র, ৯ হাজার মার্কিন ডলার, ৭৫২ সিঙ্গাপুরি ডলার, একটি আগ্নেয়াস্ত্র এবং মদের বোতল জব্দ করা হয়। গ্রেপ্তারের পর শামীমের বিরুদ্ধে অস্ত্র ও মাদক আইনে মামলা করা হয়। পরে মানি লন্ডারিং প্রতিরোধ আইনেও মামলা হয়। এ মামলার অভিযোগপত্রে বলা হয়েছে, দেশের ১৮০টি ব্যাংক হিসাবে প্রায় ৩৩৭ কোটি টাকার স্থায়ী আমানত রয়েছে শামীমের। এ ছাড়া ঢাকায় তাঁর দুটি বাড়িসহ প্রায় ৫২ কাঠা জমির মালিক তিনি।

চিকিৎসার জন্য কারাগার থেকে এসে প্রায় এক বছর হাসপাতালে ছিল ক্যাসিনো-কাণ্ডে গ্রেপ্তার হওয়া যুবলীগের বহিষ্কৃত নেতা ইসমাইল হোসেন চৌধুরী ওরফে সম্রাট। নানা সমালোচনার মুখে গত ৭ অক্টোবর তাঁকে হাসপাতাল থেকে আবার কারাগারে পাঠানো হয়। ডেসটিনির ব্যবস্থাপনা পরিচালক রফিকুল আমীনকেও প্রায় এক বছর পর গত মাসে হাসপাতাল থেকে কারাগারে ফেরত পাঠানো হয়েছে।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল জুলফিকার আহমেদ আমিন গণমাধ্যমকে বলেন, প্রত্যেক রোগীর জন্য বিশেষজ্ঞ চিকিৎসক আছেন। তাঁরাই বলতে পারবেন কেন তাঁকে (জি কে শামীম) ছাড়পত্র দিচ্ছেন না।

হাসপাতাল সূত্রে জানা গেছে, 'প্রেশার', 'ডায়াবেটিস', বুকে ব্যথা' এ রকম নানা রোগের কথা বলে শীতাতপনিয়ন্ত্রিত কক্ষে দিন কাটাচ্ছেন বন্দী শামীম। হাসপাতালে তাঁর নিরাপত্তার দায়িত্বে রয়েছে পাঁচজন কারারক্ষী ও চারজন পুলিশ।

হাসপাতালে দায়িত্বরত ঢাকা কেন্দ্রীয় কারাগারের প্রধান কারারক্ষী ইউনুস আলী সাংসাবাদিকদের বলেন, 'মোটামুটি সুস্থই আছেন জি কে শামীম। তবে ২৪ ঘণ্টা এখানে তাঁর পাহারায় থাকতে থাকতে অসুস্থ হয়ে যাচ্ছি আমরা। পুরো ভবনে তিনি একাই। বেলায় বেলায় নার্স আসে প্রেশার মাপে, ডায়বেটিস মাপে, থেরাপি দেয়। অন্য বন্দীদের চেয়ে অনেক ভালো সুযোগ-সুবিধা নিয়ে আছেন তিনি।

সাভারে বেতনের দাবিতে পোশাক শ্রমিকদের অবস্থান কর্মসূচী অব্যাহত

সাভারের আশুলিয়ায় বকেয়া বেতন ও ভাতার দাবিতে ঢাকা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের (ডিইপিজেড) একটি পোশাক কারখানার শ্রমিকেরা লাগাতর অবস্থান কর্মসূচি পালন করছেন। আজ বুধবার দ্বিতীয় দিনের মতো তাঁরা অবস্থান কর্মসূচি অব্যাহত রেখেছেন।

পোশাক শ্রমিক ও স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে জানা যায়, এ ওয়ান বিডি লিমিটেড নামের পোশাক কারখানার শ্রমিকেরা ডিইপিজেডের সামনে জড়ো হয়ে বকেয়া বেতন ও ভাতার দাবিতে মঙ্গলবার থেকে অবস্থান কর্মসূচি পালন শুরু করেছেন। বুধবারও সেই কর্মসূচি তাঁরা অব্যাহত রেখেছেন, একপর্যায়ে তাঁরা আশুলিয়া প্রেসক্লাবের সামনে গিয়ে অবস্থান নেন।

এই কর্মসূচির সঙ্গে সংহতি প্রকাশ করেছেন বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতা-কর্মীরা। দাবি আদায় না হওয়া পর্যন্ত অবস্থান কর্মসূচি চলবে বলে তাঁরা জানিয়েছেন।

আন্দোলনরত শ্রমিকেরা জানান, এপ্রিল মাসে তাঁদের কারখানাটি বন্ধ করে দেওয়া হয়েছে। এর তিন মাস আগে থেকেই কারখানার ১ হাজার ১০০ শ্রমিককে বেতন ও ভাতা দেওয়া হচ্ছিলো না। কারখানা বন্ধ করার পর বেতন ও ভাতা পরিশোধ করে তাঁদের অব্যাহতি না দেওয়ায় নিয়ম অনুযায়ী তাঁরা ১০ মাসের বেতন ভাতা পাওনা হয়েছেন। সেই পাওনা আদায়ের দাবিতে তাঁরা অবস্থান কর্মসূচি পালন করছেন।

বাংলাদেশ গার্মেন্টস শ্রমিক সংহতির সভাপ্রধান তাসলিমা আখতার বলেন, শ্রমিকের ন্যায্য পাওনা পরিশোধ না করে মালিক, ডিইপিজেড কর্তৃপক্ষসহ সরকার চরম দায়িত্বহীনতার পরিচয় দিচ্ছে। দীর্ঘদিন ধরে বেতন ও ভাতা না পেয়ে শ্রমিকেরা মানবেতর জীবনযাপন করছেন।

এ বিষয়ে জানতে চাইলে ডিইপিজেডের মহাব্যবস্থাপক (জিএম) আবদুস সোবাহান বলেন, শ্রমিকদের পাওনা পরিশোধের জন্য কারখানা বিক্রির চেষ্টা করা হচ্ছে। কারখানা বিক্রি করতে না পারলে পাওনা পরিশোধ করা সম্ভব নয়। প্রথম আলো

চাকরির পরীক্ষা দিতে এসে খুন ঢাকায়

শপিংমলে চাকরির জন্য নড়াইল থেকে ঢাকায় এসেছিলেন তরুণ তুর্কি মুন্না ওরফে সংগ্রাম (২০)। বুধবার ভোরে গাবতলী নামেন। এরপর রিকশা করে মিরপুর যাচ্ছিলেন। ভোর পাঁচটার দিকে মিরপুর এক নম্বর ঈদগাহ মাঠের কাছে কয়েকজন দুর্বৃত্ত তাঁর রিকশা আটকায়। তাঁকে উপর্যুপরি ছুরিকাঘাত করে।

নিহত সংগ্রামের শরীরে ছুরির আঘাতের চিহ্ন রয়েছে। তবে তাঁকে কে বা কারা খুন করেছে, তা নিশ্চিত হওয়া যায়নি।

সংগ্রামের বাড়ি নড়াইলের সদর উপজেলায়। তিনি উচ্চমাধ্যমিক পাস।

শপিংমলে চাকরির জন্য ঢাকা এসেছিলেন তিনি। সকাল ১০টায় মিরপুর ১০ নম্বরে ও দুপুর ১২টায় পল্লবীতে চাকরির সাক্ষাৎকারের কথা ছিল তাঁর।

ভোরে গাবতলী বাসস্ট্যান্ডে নেমে মিরপুরে বন্ধু রহমতউল্লাহর কাছে যাচ্ছিলেন। দুর্বৃত্তরা তাঁকে উপর্যুপরি ছুরি মেরে পালিয়ে যায়। তিনি ঘটনাস্থলে মারা যান।

এবার বাঘারপাড়ায় আওয়ামী লীগের দু’পক্ষের সংঘর্ষ

যশোরের বাঘারপাড়ায় উপজেলা উপনির্বাচনকে কেন্দ্র করে আওয়ামী লীগের দু’পক্ষের মধ্যে ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় উভয়পক্ষের কমপক্ষে ১০-১২ জন আহত হয়েছেন। এ ঘটনায় পরস্পর পরস্পরকে দোষারোপ করছে।

গতকাল মঙ্গলবার (১৭ নভেম্বর) রাত সোয়া ৯টায় দিকে উপজেলার ইন্দ্রা বাজারে এ ঘটে ঘটে। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতরা হলেন- জহুরুল বিশ্বাসের ছেলে আবদুর রব (৪৫), শরিফুল ইসলাম (৪০) ও ফেরদৌস (৩০), মৃত খয়বার মোল্লার ছেলে রবিউল ইসলাম (৫০), মৃত মাহতাব মোল্লার ছেলে শুকুর আলী (৩৫) এবং মোকাম মোল্লার ছেলে বাহারুল ইসলামকে বাঘারপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। এদের মধ্যে আবদুর রব ও রবিউল ইসলামকে পরে যশোর জেনারেল হাসপাতালে স্থানান্তর করা হয়। বাকিরা প্রাথমিক চিকিৎসা নিয়েছেন।

বাঘারপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তার নাসিম রেজা জানান, আবদুর রব ও রবিউল ইসলামের মাথা ও মুখমণ্ডলে আঘাত লেগেছে। অবস্থা গুরুতর হওয়ায় তাদের যশোরে রেফার করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, মঙ্গলবার (১৭ নভেম্বর) রাত সোয়া ৯টার দিকে স্বতন্ত্র প্রার্থী দিলু পাটোয়ারী নারিকেলবাড়িয়া থেকে ইন্দ্রা বাজারে এসে কর্মী-সমর্থকদের সাথে কথা বলছিলেন। এ সময় নৌকা প্রতীকের সমর্থক তরিকুল ইসলামের সাথে তার তর্ক হয়। এক পর্যায়ে নৌকার সমর্থকরা দিলু পাটোয়ারীকে আটকে রাখার চেষ্টা করেন। তখন দিলুর সমর্থকরা তাকে উদ্ধার করতে আসলে উভয়পক্ষের মধ্যে সংঘর্ষ ঘটে। বাঘারপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক নাসিম রেজা জানান, আব্দুর রব ও রবিউল ইসলামের মাথায় আঘাত লেগেছে। এতে অতিরিক্ত রক্তক্ষরণ হয়েছে।

দিলু পাটোয়ারী জানান, নারিকেলবাড়িয়া থেকে উপজেলার ইন্দ্রা বাজারে আসার সাথে সাথে নৌকা প্রতীকের সমর্থকরা তার সাথে তর্কে জড়িয়ে মারমুখী আচরণ করেন। এক পর্যায়ে তাকে আটকে রাখলে তার সমর্থকরা উদ্ধার করতে আসলে এ সংঘর্ষ বেঁধে যায়।

অন্যদিকে নৌকা প্রতীকের প্রার্থী ভিক্টোরিয়া পারভীন সাথীর দেবর জামদিয়া ইউপি চেয়ারম্যান কামরুল ইসলাম টুটুল অভিযোগ করে বলেন, পরিকল্পিতভাবে তাদের ওপর দিলু পাটোয়ারীর সমর্থকেরা হামলা করেছেন। এ ঘটনায় মামলা করা হবে।

বাঘারপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ আল মামুন বলেন, এ ঘটনায় সাত-আটজন আহত হয়েছেন। এখন পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। এ ব্যাপারে নৌকা প্রতীকের সমর্থক জাকির হোসেন বাদী হয়ে মামলার প্রস্তুতি নিচ্ছেন। কালের কণ্ঠ

শরিয়্যাহ আইনে রায় দেয়ায় সৌদির দুই বিচারক বরখাস্ত

সৌদি আরবে দুজন বিচারককে বরখাস্ত করেছে দেশটির সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল। তাঁদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে, শরিয়্যাহ আইনে তাঁরা দাড়ি কামাতে নিষেধ করার রায় দিয়েছেন এবং

ধূমপান করতে নিষেধ করেছেন। ইসলামের পবিত্র ভূমিতে এমন পদক্ষেপ বেশ অবাক করেছে সবাইকে। সৌদি আরবের সংবাদ সংস্থার অনলাইন সংবাদের ভিত্তিতে এ তথ্য জানা গিয়েছে।

সংবাদমাধ্যমগুলোর প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, বর্তমানে তাঁদের বিরুদ্ধে এ বিষয়ে তদন্ত করা হচ্ছে। তদন্ত সাপেক্ষে বহিষ্কৃত এই দুই বিচারকের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়া হবে।

মূলত ওই দুই বিচারকের বিরুদ্ধে অভিযোগ হলো, তারা তাদের রায়ে ইসলাম ধর্মের নিয়মনীতিকে উদ্ধৃতি করেছেন। তারা বলেছেন, দাড়ি কামানো (শেভ করা) ও ধূমপান ইসলামে নিষিদ্ধ। রায়ের ক্ষেত্রে তারা ইসলামকেই সামনে এনেছেন।

তাদের বিরুদ্ধে অভিযোগের কারণ সম্পর্কে বলা হয়, আদালতের রায় একটি প্রাতিষ্ঠানিক কাজ। এতে ব্যক্তিগত মতামত রাখার কোনো জায়গা নেই। ব্যক্তির ইচ্ছা অনুযায়ী রায়ে এসব উল্লেখ করার সুযোগ নেই বলে মনে করছে দেশটি।

তাদের দেয়া ওই দুই মামলার রায় ফের পর্যালোচনা করা হবে বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

জানা গেছে, দেশটির আরো কিছু বিচারক ও প্রশাসনিক কর্মকর্তার বিরুদ্ধেও তদন্ত চলছে।

খোরাসান | মুজাহিদদের হামলায় ৫৩ মুরতাদ সৈন্য হতাহত

আল-ফাতাহ্ অপারেশনের ধারাবাহিকতায় মুরতাদ কাবুল বাহিনীর বিরুদ্ধে ৫টি সফল অভিযান পরিচালনা করেছেন তালেবান মুজাহিদগণ। গত ১৮ নভেম্বর মুজাহিদদের পরিচালিত এসব হামলায় ৫৩ এরও অধিক সৈন্য নিহত ও আহত হয়েছে।

বিস্তারিত রিপোর্ট অনুযায়ী, গত ১৮ নভেম্বর বুধবার সকাল ৯ টায়, ইমারতে ইসলামিয়ার জানবাজ তালেবান মুজাহিদিন ফরিয়াব প্রদেশের কারমাকুল জেলার ৩টি অঞ্চলে মুরতাদ কাবুল সরকারের অপারেশনাল ফোর্সের উপর বিশাল আকারের সশস্ত্র আক্রমণ চালিয়েছেন। এসময় মুজাহিদগণ ভারী ও হালকা অস্ত্র দ্বারা তীব্র হামলা চালান, যা ঐদিন দুপুর আড়াইটা অবধি ছিলো।

মুজাহিদদের তীব্র হামলার ফলে, ৩টি এলাকা এবং জেলা বাজার পুরোপুরি মুজাহিদদের নিয়ন্ত্রণে চলে আসে। এসময় মুজাহিদদের হামলায় নিহত হয় জেলা পুলিশ প্রধান (সাফার রাইস) সহ ১৩ মুরতাদ

সৈন্য ও পুলিশ সদস্য। আহত হয়েছে আরো ৯ এরও অধিক, ধ্বংস করা হয়েছে মুরতাদ বাহিনীর ৪টি ট্যাঙ্ক।

এই হামলার সময় একজন মুজাহিদ শহীদ এবং দু'জন মুজাহিদ আহতও হয়েছেন।

এদিকে গত মঙ্গলবার ও বুধবার মধ্যরাতে লাগবাগের ডান্ডি নামক জেলার জালখান এলাকায় অবস্থিত মুরতাদ কাবুল সেনাদের একাধধিক চৌকি টার্গেট করে হামলা চালিয়েছেন তালেবান মুজাহিদিন। যার ফলে ৪টি চৌকি বিজয়, কমান্ডারসহ ১০ সৈন্য নিহত এবং ১৫ সৈন্যকে বন্দী করেছেন মুজাহিদগণ। ১টি ট্যাঙ্ক, ১টি রেঞ্জার গাড়িসহ ১৫টি ভারী যুদ্ধাস্ত্রও এসময় মুজাহিদগণ গনিমত লাভ করেছেন।

অন্যদিকে হেরাত প্রদেশের পাশ্তুন এলাকায় কাবুল বাহিনীর উপর হামলা চালিয়েছেন মুজাহিদগণ। এতে ৪ সৈন্য নিহত এবং ৬ সৈন্য আহত হয়েছে। অন্য সৈন্যরা যুদ্ধের ময়দান ছেড়ে পালিয়েছে। তবে এখানে একজন মুজাহিদ আহত হয়েছেন।

এমনিভাবে জাবুল প্রদেশের শাহজউয়ী জেলায় অবস্থিত মুরতাদ বাহিনীর একটি চৌকিতে তীব্র হামলা চালিয়েছেন তালেবান মুজাহিদগণ। যার ফলে একটি চৌকি বিজয়, ২টি চৌকি ও ২টি ট্যাঙ্ক ধ্বংস হয়েছে। এছাড়াও নিহত হয়েছে কাবুল বাহিনীর ১২ মুরতাদ সৈন্য।

অপরদিকে নিমরোজ প্রদেশের আরওয়ান্দাদ জেলায় দুপুর ২টায় মুরতাদ বাহিনীর একটি চেকপোস্টে হামলা চালিয়েছেন মুজাহিদগণ। এতে মুরতাদ বাহিনীর ৩ সৈন্য নিহত এবং ৬ সৈন্য আহত হয়েছে।

https://ibb.co/6P8843W

খোরাসান | তালেবানে যোগদিলো আরো ৯৭ কাবুল সৈন্য

ইমারতে ইসলামিয়ার বিজয় যতই তরান্বিত হচ্ছে, ততই তালেবানে যোগ দেওয়ার প্রতিযোগিতা শুরু হয়ে কাবুল বাহিনীতে। গত ১৮ নভেম্বরেও ৯৭ কাবুল সৈন্য তালেবানে যোগ দিয়েছে।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের অফিসিয়াল 'আল-ইমারাহ' কর্তৃক প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে, আফগানিস্তানের দুটি রাজ্য থেকে গত ১৮ নভেম্বর ৯৭ জন কাবুল সৈন্য সত্যতা বুঝতে পেরে তালেবান মুজাহিদদের সাথে এসে মিলিত হয়েছে।

প্রতিবেদনে আরো বলা হয়েছে যে, কান্দাহার প্রদেশের একটি জেলার বিভিন্ন স্থান থেকে ৭০ জন সেনা ও পুলিশ সদস্য তালেবান মুজাহিদদের সাথে এসে মিলিত হয়েছে। যারা কাবুল প্রশাসনের সামরিক দায়িত্ব থেকে পদত্যাগ করে এই সিদ্ধান্ত নিয়েছে।

এমনিভাবে রোজগান প্রদেশের দাহরাওয়াদ জেলা থেকেও কাবুল সরকারের ২৭ সেনা ও পুলিশ সদস্য মুজাহিদদের সাথে এসে মিলিত হয়েছে।

এখানে লক্ষ্যণীয় যে, সম্প্রতি প্রায় প্রতিদিনই কাবুল সরকারের এক বিশাল সংখ্যক কর্মকর্তা সামরিক বাহিনী ছেড়ে চলে যাচ্ছে, যাদের মাঝে সংখ্যাগরিষ্ঠ কর্মকর্তাই তাদের অস্ত্রশস্ত্র নিয়ে তালেবানদের কাছে আত্মসমর্পণ করছে।

পাকিস্তান | মুজাহিদদের হামলায় ৩ মুরতাদ সৈন্য নিহত

পাক মুরতাদ বাহিনীর বিরুদ্ধে ২টি সফল হামলা চালিয়েছেন টিটিপির মুজাহিদিন। এতে কমপক্ষে ৩ মুরতাদ সৈন্য নিহত হয়েছে।

পাকিস্তান ভিত্তিক শীর্ষস্থানীয় জিহাদী গ্রুপ তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) মুখপাত্র মুহাম্মদ খোরাসানী টুইটারে প্রকাশিত এক বার্তায় জানিয়েছেন যে, গত ১৮ নভেম্বর বুধবার টিটিপির মুজাহিদগণ দুটি জায়গায় পাকিস্তানী মুরতাদ সেনাবাহিনীকে টার্গেট করে আক্রমণ করেছেন।

মুজাহিদদের প্রথম হামলার ঘটনাটি ঘটে বুধবার দ্বিপ্রহরের সময় বাজোর এজেন্সীতে, যেখানে পাকিস্তানী মুরতাদ বাহিনীর পায়দলে টহলরত সেনাদের নিকট একটি লাইন মাইন বিস্ফোরিত হয়। যার ফলে পাকিস্তান সেনাবাহিনীর কতক সেনা সদস্য আহত হয়, যাদের মাঝে এক সেনা সদস্য গুরুতর আহত হলে কিছুক্ষণ পর মারা যায়।

মুজাহিদদের দ্বিতীয় হামলার ঘটনাটি ঘটেছিলো দক্ষিণ ওয়াজিরিস্তানের মাকিন সীমান্ত এলাকায়, যেখানে মুজাহিদগণ নাপাক সেনাদের লক্ষ্য করে দীর্ঘক্ষণ ফায়ারিং করেন। যার ফলে মুরতাদ বাহিনীর দুই সেনা সদস্য নিহত হয়েছিলো।

নিহত সেনা সদস্যরা হলো-

১| হওয়ালদার মাতলুব এবং

২। সুলেমান

সোমালিয়া | শাবাব মুজাহিদদের হামলায় ৪ এরও অধিক কুফ্ফার সৈন্য হতাহত

সোমালিয়ায় দখলদার ক্রুসেডার ও স্বদেশীয় মুরতাদ বাহিনীর উপর ৪টি সফল অভিযান পরিচালনা করেছেন আশ-শাবাব মুজাহিদিন। যার একটিতেই অন্ততপক্ষে ৪ মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

বিস্তারিত রিপোর্ট অনুযায়ী, আল-কায়েদা পূর্ব আফ্রিকা ভিত্তিক অন্যতম শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন গত ১৮ নভেম্বর, সোমালিয়ার বাইবুকুল রাজ্যের বাইদাউয়ে শহরে একটি সফল অভিযান পরিচালনা করেছেন।

সোমালীয় মুরতাদ সরকারি বাহিনীর বিরুদ্ধে পরিচালিত উক্ত অভিযানের সময় একাধিক বোমা হামলাও চালিয়েছেন। যার ফলে মুরতাদ বাহিনীর অন্ততপক্ষে ৪ সৈন্য নিহত ও আহত হয়েছে।

একই রাজ্যের কানসাহদেরী শহরেও এদিন ক্রুসেডার ইথিউপিয়ান বাহিনীর একটি সামরিক ঘাঁটি টার্গেট করে সফল অভিযান পরিচালনা করেছেন শাবাব মুজাহিদিন। এর ফলে কতক ক্রুসেডার সৈন্য হতাহত হয়েছে।

এছাড়াও এদিন সোমালিয়ার রাজধানী মোগাদিশুর জাজিরা, বারিরী ও যাবিদ শহরে পৃথক আরো ৩টি সফল অভিযান পরিচালনা করেছেন শাবাব মুজাহিদিন। এরমধ্যে ২টি অভিযানই চালানো হয়েছে মুরতাদ বাহিনীর সামরিক ঘাঁটি লক্ষ্য করে এবং অন্য একটি চালানো হয়েছে মুরতাদ বাহিনীর একটি সেনা কাফেলা টার্গেট করে।

আলহামদুলিল্লাহ্, হারাকাতুশ শাবাব মুজাহিদদের প্রতিটি হামলাতেই মুরতাদ বাহিনীর অনেক ক্ষয়ক্ষতির শিকার হয়েছে।

১৮ই নভেম্বর, ২০২০

কাশ্মীরে নিজেকে গুলি করে ভারতীয় সৈন্যের আত্মহত্যা

ভারত দখলকৃত কাশ্মীরে ভারতীয় সেনাবাহিনীর আরো একজন সদস্য আত্মহত্যা করেছে।

কাশ্মির মিডিয়া সার্ভিসের তথ্য অনুযায়ী, ভারতের দখলকৃত কাশ্মীরের শ্রীনগরের বারা মাওলা জেলায় সিআরপি এফ-এর হেড কনস্টেবল নিজের রাইফেল দিয়ে নিজেকে গুলি করে আত্মহত্যা করে।

কাশ্মীর মিডিয়া সার্ভিস এসম্পর্কে আরো জানিয়েছে যে, ২০০৭ সাল থেকে অধিকৃত কাশ্মীরে এযাবত আত্মহত্যাকারী ভারতীয় সেনা সদস্যদের সংখ্যা ৪৮০জন হয়েছে।

যুক্তরাষ্ট্রে বেড়েছে 'মার্কিনী সন্ত্রাস'

১৯৯০ সালের পর থেকে সাম্প্রতিক বছরগুলোতে যুক্তরাষ্ট্রে অভ্যন্তরীণ সন্ত্রাসী হামলা রেকর্ড পরিমাণে বেড়েছে। গত সোমবার প্রকাশিত এফবিআইএর প্রতিবেদনে উঠে এসেছে এ তথ্য। ২০১৪ সালের পর থেকেই জাতি, বর্ণ, লিঙ্গ, গোত্রকে কেন্দ্র করে এই ধরনের হামলা ক্রমাগত বেড়ে চলেছে। ২০১৯ সালে মার্কিনী অভ্যন্তরীণ সন্ত্রাসের শিকার হয়ে দেশটিতে ৫১জন প্রাণ হারায়, যা ২০১৮ সালের তুলনায় দ্বিগুণ।

ক্যালিফোর্নিয়ার হেইট অ্যান্ড এক্সট্রিমিজম স্টাডি সেন্টারের পরিচালক ব্রায়ান লেভিন।সে বলছে, জাতি-বর্ণগত বিদ্বেষমূলক অপরাধের সংখ্যা বৃদ্ধি নতুন এক নৃশংস পরিস্থিতির পটভূমি তৈরি করেছে। গত আগস্টে টেক্সাসের এলপাসের ওয়ালমার্টে মেক্সিকানদের উদ্দেশ্যে চালানো হামলায় ২২জন প্রাণ হারায়। এফবিআইএর বার্ষিক 'হেট ক্রাইম স্ট্যাটিসটিক অ্যাক্ট' প্রতিবেদনে বলা হয়েছে, গত বছর যুক্তরাষ্ট্রে ৭ হাজার ৩১৪টি হামলা হয়েছে, যা ২০১৮ সালে ছিল ৭ হাজার ১২০। ধর্মভিত্তিক ঘৃণাত্মক হামলা ৭ শতাংশ বেড়েছে। তবে যুক্তরাষ্ট্রে সবচেয়ে বেশি ঘৃণাত্মক হামলার শিকার হচ্ছে কৃষ্ণাঙ্গরা। লিগ অব ইউনাইটেড ল্যাটিন আমেরিকান সিটিজেনের সভাপতি ডমিঙ্গো গার্সিয়া বলেছে, এফবিআইএর প্রতিবেদনে স্পষ্ট ল্যাটিনো, কৃষ্ণাঙ্গ, আরব, মুসলিম সম্প্রদায় যুক্তরাষ্ট্রে প্রতিনিয়ত হামলার লক্ষ্যবস্তুতে পরিণত হচ্ছে।

এফবিআই জাতি-ধর্মগত বিদ্বেষমূলক অপরাধের সংজ্ঞা দেয় এভাবে: "যে অপরাধের পেছনে বর্ণ, জাতি, ধর্ম, পূর্বপুরুষের ইতিহাস, যৌন দৃষ্টিভঙ্গি, শারীরিক ও মানসিক অক্ষমতা, এবং লিঙ্গের প্রতি বৈষম্য প্রধান কারণ হিসেবে কাজ করে।" এফবিআইয়ের তথ্য-উপাত্ত থেকে জানা যাচ্ছে, ধর্মীয় কারণে অপরাধের সংখ্যা বেড়েছে শতকরা সাত ভাগ।

অন্যদিকে, শুধুমাত্র ইহুদি এবং ইহুদি প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে অপরাধ বেড়েছে ১৪%। লাতিনদের বিরুদ্ধে ২০১৯ সালে অপরাধ ঘটেছে ৫২৭টি। এর আগের বছরের তুলনায় এটি ৮.৭% বেশি। কৃষ্ণাঙ্গদের ওপর হামলার ঘটনা যুক্তরাষ্ট্রের অন্যান্য জাতিগোষ্ঠীর চেয়ে বেশি। তাদের ওপর হামলার সংখ্যা ২০১৮ সালে ছিল ১,৯৪৩।

এফবিআইয়ের এই রিপোর্ট প্রকাশিত হওয়ার পর মানবাধিকার সংস্থাগুলো জাতি-ধর্মগত বিদ্বেষমূলক অপরাধের তথ্য আরও বিস্তারিতভাবে সংগ্রহের তাগিদ দিয়েছে বলে বিবিসির সূত্রে জানা যায়। এসব রিপোর্ট থেকে স্পষ্ট হওয়া যায় যে, বিশ্বসন্ত্রাসী মার্কিনীরা সারাবিশ্বে সন্ত্রাস করার পর এবার নিজ দেশেও সন্ত্রাস শুরু করছে। এই অসভ্য, বর্বর জাতিই সমগ্র বিশ্বে অশান্তি সৃষ্টিতে অগ্রগণ্য ভূমিকা রেখেছে, এখন তাদের দেশ আমেরিকায়ও নৈরাজ্য ছড়িয়ে পড়েছে। যেকোনো সভ্যতা পতনের আগে যেসব আলামত দেখা যায়, তার সবগুলোই এখন পাশ্চাত্য সভ্যতায় বিদ্যমান। নৈতিক অবক্ষয়, অবাধে যৌনাচার, লুটপাট, ভাঙচুর, মারামারি, ইলেকশন নিয়ে সংঘর্ষ, জ্বালাও পোড়াও সবকিছুই হচ্ছে। পাশ্চাত্য সভ্যতার ধ্বজাধারী আমেরিকার শান্তি নষ্ট হয়ে গেছে । আমেরিকা যে আগুন মুসলিম ভূখণ্ডসহ সমগ্র ভূখণ্ডে জ্বালিয়ে ছিল সে আগুনই বুমেরাং হয়ে আমেরিকাকে পোড়াচ্ছে ।

হিন্দুত্ববাদী রক্তক্ষয়ী এজেন্ডার জন্য মূল্য দিতে হচ্ছে এলওসি বাসিন্দাদের

নিয়ন্ত্রণ রেখা (এলওসি) এলাকার জীবনযাত্রা ভয়াবহ হয়ে পড়েছে। আজাদ কাশ্মীরে অস্ত্রবিরতি লঙ্ঘনের ঘটনা সাম্প্রতিক বছরগুলোতে বেড়ে গেছে। ২০১৭ সাল থেকে এই মাত্রা আরও বেড়েছে। ২০১৩ সালে অস্ত্রবিরতি লঙ্ঘন বেড়ে যাওয়ায় পারমাণবিক যুদ্ধের হুমকি তৈরি হয়েছিল। ভারত সে সময় ২০০০ বারের বেশি অস্ত্রবিরতি লঙ্ঘন করেছিল, যেখানে ২০১৭ সালে তারা ১২৯৯ বা এবং ২০১৬ সালে ৩৮২ বার লঙ্ঘন করে। ২০১৮ সালে হতাহতের হার ২০১৭ সালের চেয়ে বেশি ছিল এবং ২০২০ সালে অতীতের সব রেকর্ড ভেঙ্গে যায়।

অশুভ উদ্দেশ্য

নিরপরাধ বেসামরিক নাগরিকদের টার্গেট করার পেছনে ভারতের অশুভ উদ্দেশ্য রয়েছে। তারা নিয়ন্ত্রণ রেখায় অধিবাসীদের অবকাঠামো ও সম্পদ পুড়িয়ে দিয়েছে এবং অধিবাসীরা গৃহহীন হয়ে পড়েছে। তারা সার্বক্ষণিক আতঙ্কের মধ্যে বাস করছে। ভারত সবসময় নিরপরাধ মানুষকে টার্গেট করে হামলা করেছে। তারা শক্তি প্রয়োগ করে কাশ্মীরের মুক্তি আন্দোলন দমন করতে ব্যর্থ হয়েছে। দখলকৃত কাশ্মীরে ভারতীয় সেনাবাহিনী মুজাহিদিনদের কাছে ব্যাপক ক্ষতির শিকার হয়েছে এবং এর প্রতিশোধ নিতে তারা নিয়ন্ত্রণ রেখায় বেসামরিক মানুষদের টার্গেট করে হামলা চালাচ্ছে।

বৃহত্তর ভারত গড়ার হিন্দু আদর্শ

এলওসিতে সীমা লঙ্ঘন জারি রেখে ভারত দখলকৃত কাশ্মীরের দুর্বিসহ অবস্থা এবং মানবাধিকার লঙ্ঘনের বিষয়টি আড়াল করতে চায়। কাশ্মীরীদের বিরুদ্ধে ভারতীয় বর্বরতা ও অপকর্মের মূল শক্তি হলো হিন্দু আদর্শ। নির্যাতন ও সঙ্ঘাতের হিন্দু আদর্শ ভারতকে তাদের প্রতিবেশী দেশগুলো থেকে আলাদা করে ফেলেছে। মোদির হিন্দু মানসিকতা ও ভারতীয় ক্ষমতাকাঠামো ভারতকে তাদের প্রতিবেশী দেশগুলো থেকে অনেক দূরে ঠেলে সরিয়ে দিয়েছে। হিন্দু দানবরা সহজেই অন্যান্য ছোট অ-নিউক্লিয় এশিয়ান দেশগুলোকে গিলে খেতে পারে। সোভিয়েত রাশিয়ার পরে মার্কিন পৃষ্ঠপোষকতায় এশিয়ায় আধিপত্যের স্বপ্ন দেখছে ভারত।

পাক-চীনের বিপরীতে যুক্তরাষ্ট্র-ভারত

যুক্তরাষ্ট্র ও ইসরাইল ভারতকে শক্তি যোগাচ্ছে যাতে তারা পাক-চীন সম্পর্ককে বাধাগ্রস্ত করতে পারে এবং সিপিইসিকে অবজ্ঞা করতে পারে। মার্কিন-ভারত জোট চীনের প্রভাব নিয়ন্ত্রণের জন্য ভারতীয় সেনাদেরকে সামনে ঠেলে দিয়েছে যাতে তারা অশুভ লক্ষ্য অর্জনের জন্য পাকিস্তানের বিরুদ্ধে শীতল যুদ্ধ পরিস্থিতি বজায় রাখতে পারে। ভারত একই সাথে অস্থিরতা ছড়িয়ে এবং ত্রাস সৃষ্টি করে যুক্তরাষ্ট্রকে আফগানিস্তানে ব্যস্ত রাখতে চাচ্ছে যাতে তারা তাদের উদ্দেশ্য হাসিল করতে পারে। কারণ ভারত ভালো করেই জানে যে, যুক্তরাষ্ট্র এশিয়া থেকে সরে গেলে ভারতের প্রকল্প পুরোপুরি ব্যর্থ হয়ে যাবে।

নিজেদের হাতে গড়া কুফরী সংবিধানকেও লঙ্ঘন করছে ভারত

ভারত আন্তর্জাতিক সম্প্রদায়ের সামনে কাশ্মীর ইস্যুতে তাদের অবস্থানের যৌক্তিকতা প্রমাণ করতে ব্যর্থ হয়েছে। সে কারণে তারা নিজেদের সংবিধানের উপর হামলা করে ২৭০ ও ৩৫এ অনুচ্ছেদ বাতিলের মতো পদক্ষেপ নিয়েছে। সে জন্য এলওসি এলাকায় তারা সহিংসতার তীব্রতা বাড়িয়েছে যাতে পাকিস্তানের সাথে কোন ধরনের আলোচনায় বসা সম্ভব না হয়। একদিকে সংবিধানের ৩৫এ ও ২৭০ বাতিলের কোন যৌক্তিকতা ভারতের সামনে নেই।

এলওসিতে সীমালঙ্ঘন বিশ্বকে ঝুঁকিতে ফেলছে

এলওসি লঙ্ঘন করে ভারত শুধু নিরপরাধ বেসামরিক মানুষদেরকে হত্যাই করছে না, একই সাথে একটা পারমাণবিক সঙ্ঘাতের দিকে পরিস্থিতিকে ঠেলে দিচ্ছে, যেটা আঞ্চলিক বিপর্যয়ের সাথে সাথে বিশ্ব শান্তিকেও বিনষ্ট করবে। দক্ষিণ এশিয়ায় অস্থিরতা ও যুদ্ধের মেঘ বিরাজ করলে বিশ্ব কখনই নিরাপদ ও শান্তিপূর্ণ হবে না। এ অঞ্চলে মার্কিন-ভারত সম্পর্ক তাদের ভারসাম্য হারাচ্ছে এবং

মার্কিন-ভারতের স্বার্থের জন্য সেটা হবে মহা-বিপর্যয়কর। যে কোন যুদ্ধ লাগলে সঙ্ঘাতে জড়ানো দুই দেশের বাইরের অন্য দেশগুলোও কম দুর্ভোগ পোহাবে না। নিয়ন্ত্রণ রেখা লঙ্ঘন করে ভারত একইসাথে বিদেশী বিনিয়োগকে ঝুঁকির মধ্যে ঠেলে দিচ্ছে। যুদ্ধ লাগলে আন্তর্জাতিক বিনিয়োগকারীদের বহু ট্রিলিয়ন ডলার ক্ষতি হবে। আন্তর্জাতিক সম্প্রদায়ের স্বার্থে হুমকিতে পড়লে তারাই সবার আগে বোঝাপড়ার জন্য এগিয়ে আসবে। কিন্তু কাশ্মীরের পারমাণবিক ফ্লাশপয়েন্টের দীর্ঘদিনের সমস্যা সমাধানে সত্যিকারের আন্তরিকতা নিয়ে তারা কেউই এগিয়ে আসছে না।

এলওসিতে জীবনযাত্রা

এলওসিতে ভারতীয়দের সীমালঙ্ঘনের কারণে স্থানীয় বাসিন্দারা আগুনের মধ্যে পড়ে গেছে। ভারতীয় বোমাবর্ষণে তাদের শীতকালিন জ্বালানি পুড়ে ছাই হয়ে গেছে। অর্থাৎ অধিবাসীরা সেখানে ঠান্ডায় জমে মারা পড়বে। শুকনা যে ঘাস জমিয়ে রাখা হয়েছিল, ভারতীয় রকেটে সেগুলো পুড়ে গেছে। এর অর্থ হলো গবাদি পশু না খেয়ে মারা যাবে। নিলাম উপত্যকায় ঘর এবং জ্বালানি ছাড়া জীবনধারণ সম্ভব নয়। উপত্যকায় প্রচুর তুষারপাতের কারণে সেখানে তাবু টানিয়ে বা ক্যাম্প করে থাকার কোন সুযোগ নেই। স্থানীয়দের জীবিকার প্রধান উৎস গবাদিপশু ভারতীয় শেল আর বোমায় মারা পড়ছে।

বেসামরিক মানুষের নিরাপত্তা

স্থানীয় অধিবাসীরা উভয় সঙ্কটের মধ্যে পড়েছে। একদিকে ভারতীয় সেনাবাহিনী শেল নিক্ষেপ করছে। অন্যদিকে, ভারতীয় কামানের সামনে তারা উন্মুক্ত, অসহায়, যেখানে সেনাদের রয়েছে আশ্রয় আর শেলপ্রুফ বাঙ্কার। ভারতীয় অংশে জনগণকে এলওসি থেকে পাঁচ মাইল দূরে সরিয়ে নেয়া হয়েছে। পাকিস্তানী অংশে বেসামরিক মানুষ ভারতীয় কামানের আওতায় রয়েছে। এলওসি এলাকার বাসিন্দারা ভারতীয় সেনাবাহিনীর চাপিয়ে দেয়া শীতল যুদ্ধ পরিস্থিতির মধ্যে বাধ্য হয়ে জড়িয়ে পড়েছে। বেসামরিক নাগরিকদের তাদের পরিবারের জন্য শেলপ্রুফ বাঙ্কার তৈরির মতো সামর্থ নেই।

সূত্র: জিভিএস

ইসলামি অ্যাপস থেকে তথ্য হাতিয়ে নিচ্ছে মার্কিন বাহিনী

ইসলামি অ্যাপসসহ জনপ্রিয় বেশ কয়েকটি অ্যাপসের কাছ থেকে ব্যবহারীকারীদের অবস্থানের তথ্য কিনছে মার্কিন সামরিক বাহিনী। অনুসন্ধানী এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে অনলাইন ম্যাগাজিন মাদারবোর্ড।

এক প্রতিবেদনে বলা হয়, মুসলমানদের ব্যবহার করা কয়েকটি অ্যাপসসহ বিশ্বের বিভিন্ন অ্যাপসের সংগ্রহ করা সাধারণ মানুষের ব্যক্তিগত তথ্য কিনে নিচ্ছে মার্কিন সামরিক বাহিনী। ওই অ্যাপসগুলো ১০ কোটিবার ডাউনলোড করা হয়েছে।

সোমবার মাদারবোর্ডের অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশ করা হয়। বলা হয়, বেশ কয়েকটি অ্যাপস কোম্পানি থেকে ইউএস স্পেশাল অপারেশন কমান্ড এ তথ্য ক্রয় করছে।

জনপ্রিয় অ্যাপসগুলোর মধ্যে মুসলিম প্রেয়ার এবং কোরআন অ্যাপকে টার্গেট করা হয়েছে। বিশ্বব্যাপী অ্যাপস দুটি ৯ কোটি ৮০ লাখ বার ডাউনলোড করা হয়েছে। টার্গেটের তালিকায় মুসলিম ডেটিং অ্যাপসও রয়েছে।

সাধারণ মানুষের তথ্যভাণ্ডার, সাক্ষাতকার, অ্যাপস তৈরিকারক প্রতিষ্ঠান এবং কারিগরি বিশেষজ্ঞদের কাছ থেকে পাওয়া তথ্যউপাত্যের ভিত্তিতে মাদারবোর্ড তাদের অনুসন্ধানে জানিয়েছে, অ্যাপস ব্রাউজ করার সময় অর্থের বিনিময়ে বিভিন্ন সংস্থা বিজ্ঞাপন দেয়। তখনই কিছু প্রতিষ্ঠান ব্যবহাকারীদের অবস্থানের তথ্য হাতিয়ে নেয়।

যুক্তরাষ্ট্রের নৌবাহিনী কমান্ডার টিম হকিন্সকে উদ্ধৃত করে মাদারবোর্ড জানায়, মার্কিনদের গোপনীয়তা, নাগরিক স্বাধীনতা, সাংবিধানিক এবং আইনী অধিকার রক্ষার জন্য আমরা প্রতিষ্ঠিত পদ্ধতি এবং নীতিমালা কঠোরভাবে মেনে চলি। এসব স্বার্থ রক্ষায় পাওয়া তথ্যগুলো আমরা ব্যবহার করি।

চাঁদার দাবিতে যুবলীগকর্মীদের বেধড়ক পিটুনিতে ব্যবসায়ী আহত

নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার আমান উল্যাহ পুরে চাঁদার দাবিতে যুবলীগের নেতাকর্মীদের অপহরণ ও বেধড়ক পিটুনিতে এক ব্যবসায়ী গুরুতর আহত হয়েছেন। আশঙ্কাজনক অবস্থায় তাকে মাইজদীর একটি প্রাইভেট হাসপাতালে ভর্তি করা হয়।

ঘটনাটি ঘটেছে সোমবার রাতে উপজেলার আমান উল্যাহ পুর ইউনিয়নে কেজি হাই স্কুলের সামনে।

আহত ব্যবসায়ী কফিল উদ্দিন (৩০) ওই ইউনিয়নের আইয়ুব পুর গ্রামের পন্ডিত বাড়ির লিয়াকত উল্যার ছেলে এবং স্থানীয় আমান উল্যাপুরের শ্যামবাড়ী দরজার একজন ক্ষুদ্র ব্যবসায়ী।

জানা যায়, যুবলীগের স্থানীয় নেতা জুয়েল, বাবু ও রায়হান ওই ব্যবসায়ীর কাছে দীর্ঘদিন ধরে চাঁদা দাবি করে আসছিলেন। কফিল উদ্দিন চাঁদা দিতে অস্বীকার করায় তারা ক্ষিপ্ত হয় ওঠে। ওইদিন রাতে

বাজার থেকে বাড়ি যাওয়ার পথে আগে থেকে ওৎ পেতে থাকা যুবলীগের নেতাকর্মীরা কফিল উদ্দিনকে মোটরসাইকেল যোগে অপহরণ করে মুক্তিপণ দাবি করে। এসময় মোবাইল ফোন ও টাকা নিয়ে তাকে বেধড়ক পিটুনি দেয়। খবর পেয়ে বেগমগঞ্জ থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে স্থানীয় লোকজনের সহযোগিতায় কফিল উদ্দিনকে উদ্ধার করে। পরে পুলিশ ও স্থানীয় লোকজন তাকে হাসপাতালে ভর্তি করে।

এলাকাবাসী জানান, স্থানীয় যুবলীগের জুয়েল, বাবু ও রায়হানের অত্যাচারে এলাকাবাসী অতিষ্ঠ হয়ে পড়েছে। চাঁদাবাজি, ছিনতাইসহ নানা অপকর্মে জড়িত তারা। সরকারি দলের কয়েকজন প্রভাবশালী নেতার আশ্রয়ে তারা বেপরোয়া হয়ে উঠেছে। এলাকাবাসী এ ঘটনার বিচার দাবি করেন। নয়া দিগন্ত

অপহৃত দশম শ্রেণির ছাত্রী, দু'মাসেও সন্ধান মেলেনি

রাজধানীর ডেমরায় অপহরণের দুই মাস অতিবাহিত হলেও এখনো অপহৃত দশম শ্রেণির ছাত্রীর সন্ধান মেলেনি। এ ঘটনায় থানায় মামলা করতে না পেরে আদালতের নির্দেশে গত ১৪ নভেম্বর রাতে ডেমরা থানায় একটি পিটিশন মামলা দায়ের করেন ভুক্তভোগীর মা। এর আগে অপহরণের পর এ বিষয়ে গত ৩০ সেপ্টেম্বর ডেমরা থানায় একটি সাধারণ ডায়েরী করা হয়।

অভিযুক্তরা হলেন- ডেমরার কোনাপাড়া আইডিয়াল ও আলামীন রোড মসজিদ সংলগ্নে বসবাসরত চাঁদপুরের মতলব থানার খুনের চর মালবাড়ী গ্রামের তাজ উদ্দিন মালের ছেলে ইমন ওরফে জিংকু (২২) ও তার মা সাজু বেগম, একই এলাকার তানিয়া (২৮), আলামিন, ভোলার সদর থানার শ্যামপুর গ্রামের মানিক হাওলাদারের ছেলে মো. রফিকুল ইসলাম, ঢাকার রমনা থানাধীন ৪৮ সার্কুলার রোড সিদ্ধেশ্বরী এলাকার হাফিজউল্লাহ ভূঁইয়ার ছেলে কামরুল আহসান (৪৫) ও ঢাকার শান্তিনগর বাজার রোড এলাকায় বসবাসরত বাক্ষণবাড়িয়ার আশুগঞ্জ থানার মৈশাইর গ্রামের শফিউল ইসলামের ছেলে ফাইজুল ইসলাম ফয়েজ।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, অপহৃত মেয়েটিকে প্রাইভেট পড়তে যাওয়ার সময় প্রতিনিয়ত জিংকু উত্ত্যক্ত করত। বিষয়টি জিংকুর পারিবারে জানানো হলে পরবর্তীতে উল্টো তারা বেপরোয়াভাবে অপহৃতের মাকে হুমকি ধমকি দিতে থাকে জিংকু। এদিকে গত ২৮ সেপ্টেম্বর বেলা ১০টার দিকে মেয়েটি প্রাইভেট পড়তে বাইরে বের হয়। এ সময় পূর্বপরিকল্পিতভাবে অপহরণকারী জিংকু ও তার সহযোগীরা মেয়েটিকে অপহরণ করে। কালের কণ্ঠ

লঞ্চের ছাদ থেকে তরুণের লাশ উদ্ধার

ঢাকা-বরিশাল নৌপথে এমভি সুন্দরবন-১১ নামে একটি লঞ্চের ছাদ থেকে এক তরুণের লাশ উদ্ধার করা হয়েছে। তাঁকে কুপিয়ে হত্যা করা হয়েছে। আজ মঙ্গলবার সকালে লঞ্চটি ঢাকা থেকে বরিশালে পৌঁছায়। পরে পুলিশ তাঁর লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠিয়েছে। তবে এ ঘটনায় জড়িত কাউকে আটক করতে পারেনি পুলিশ।

নিহত ওই যাত্রীর নাম মো. শামীম হাওলাদার (২৫)। তিনি ঝালকাঠীর নলছিটি উপজেলার কুশঙ্গল ইউনিয়নের জামুরা গ্রামের মো. খালেক হাওলাদারের ছেলে। তাঁর মা–বাবার বিচ্ছেদ হয়ে গেছে। তাঁরা দুজনই অন্যত্র বিয়ে করে সংসার করছেন। একই ইউনিয়নের কোকিলা গ্রামে মামা নয়ন খানের বাড়িতে থেকে বড় হন তিনি। শামীম নারায়ণগঞ্জের ফতুল্লা এলাকার আবির ফ্যাশন নামে একটি পোশাক কারখানায় চাকরি করতেন।

পুলিশ জানায়, গতকাল সোমবার রাতে এমভি সুন্দরবন-১১ লঞ্চে বরিশালের উদ্দেশে রওনা দেন শামীম। তিনি ওই লঞ্চের ডেকের যাত্রী ছিলেন। রাতের কোনো একসময় দুর্বৃত্তরা শামীমকে লঞ্চের তৃতীয় তলায় চিমনির আড়ালে নিয়ে কুপিয়ে হত্যা করে লাশ ফেলে রাখে। সকাল ছয়টার দিকে লঞ্চের পরিচ্ছন্নতাকর্মী আবুল কালাম ছাদে ধোয়ামোছার কাজ করতে গেলে লাশ পড়ে থাকতে দেখেন। পরে পুলিশে খবর দেওয়া হয়।

বরিশাল সদর নৌ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবদুল্লাহ আল মামুন বলেন, লঞ্চ কর্তৃপক্ষের দেওয়া খবরের ভিত্তিতে তারা ঘটনাস্থলে গিয়ে সুরতহাল শেষে লাশ উদ্ধার করে। পরে লাশটি ময়নাতদন্তের জন্য পাঠানো হয়। প্রথম আলো

খোরাসান | ১৪৬৩ কাবুল সেনার তালেবান যোগদান

তালিবান উমারাদের কর্তৃক কাবুল সেনা ও পুলিশ সদস্যদের সাধারণ ক্ষমা ঘোষণার পরে প্রতিদিনই কয়েক ডজন কাবুল সরকারী কর্মকর্তারা তালেবানে যোগদান করছে। গত মাসেও ১৪৬৩ কাবুল সেনার তালেবান যোগদান করেছে।

তালেবান মুজাহিদিন তাদের এক প্রতিবেদনে বলেছে যে, ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের দাওয়াহ, গাইডেন্স, রিক্রুটমেন্ট কমিশন এবং স্থানীয় মুজাহিদদের প্রচেষ্টার গত অক্টোবরে কাবুল প্রশাসন থেকে ১৪৬৩ সেনা ও পুলিশ সদস্য তালেবানে যোগদান করেছেন। এসময় তারা নিজেদের

সাথে প্রচুর পরিমাণে হালকা ও ভারী অস্ত্র ও গোলাবারুদ নিয়ে আসে। যা তারা মুজাহিদদের কাছে হস্তান্তর করে।

বিবৃতিতে বলা হয়েছে, তালেবানে যোগদানকারী এসব সৈন্যরা ইমারতে ইসলামিয়াকে এই প্রতিশ্রুতি দিয়েছে যে, তারা কাবুল সরকারের কোন পদে ফিরে যাবে না, দখলদার বিদেশীদের কোন ধরণের সহযোগিতা করবে না এবং দেশে কীভাবে ইসলামী ব্যবস্থা পূর্ণরূপে প্রতিষ্ঠা করা যায় সেই লক্ষ্যে মুজাহিদদের-কে সর্বাত্মক সহায়তা করবে।

আল-জাজায়ের | আল-কায়েদার হামলায় ২ মুরতাদ সৈন্য নিহত

আল-কায়েদা ইসলামিক মাগরিব শাখার মুজাহিদিন আল-জাজায়েরে একটি সফল হামলা চালিয়েছেন, এতে কমপক্ষে ২ মুরতাদ সৈন্য নিহত হয়েছে।

আস-সাবাত নিউজ তাদের এক রিপোর্ট জানিয়েছে, গত ১৭ নভেম্বর মধ্য আল-জাজায়েরের বোমারদা প্রদেশে আল-কায়েদা ইসলামিক মাগরিব শাখার মুজাহিদগণ একটি সফল অভিযান পরিচালনা করেছেন।

মুজাহিদগণ দেশটির মুরতাদ বাহিনীর একটি দলকে টার্গেট করে উক্ত অভিযানটি পরিচালনা করেছিলেন। যাতে কমপক্ষে ২ মুরতাদ সৈন্য নিহত হয়েছিলো। এছাড়াও আহত হয়েছে আরো বেশ কিছু মুরতাদ সৈন্য। এই অভিযানের সময় কোন মুজাহিদ ও সাধারণ মানুষ হতাহত হননি।

খোরাসান | মুজাহিদদের সফল অভিযানে ৯০ মুরতাদ কাবুল সৈন্য হতাহত

পশ্চিমাদের গোলাম মুরতাদ কাবুল সরকারি বাহিনীর বিরুদ্ধে ৪টি সফল অভিযান পরিচালনা করেছেন তালেবান মুজাহিদিন, এতে কমপক্ষে ৯০ সৈন্য নিহত ও আহত হয়েছে।

এরমধ্যে বাদাখশান প্রদেশ থেকে প্রাপ্ত খবরে বলা হয়েছে, গত ১৭ নভেম্বর রাতে প্রদেশের জুরম জেলায় তালেবান মুজাহিদিন ও মুরতাদ কাবুল সরকারী সৈন্যদের মধ্যে তীব্র সংঘর্ষ শুরু হয়, যার ফলে মুরতাদ বাহিনীর ছয়টি পোস্ট ভেঙে পড়ে। এবং বেশ কয়েকজন সেনা নিহত হয়।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের কেন্দ্রীয় একজন তালেবান মুখপাত্র, মুহতারাম জাবিহুল্লাহ মুজাহিদ তাঁর টুইটার অ্যাকাউন্টে লিখেছেন: "গত (১৭ নভেম্বর) রাতে বদখশান প্রদেশের জুরম জেলার ক্যাবুল পুল এলাকায় কাবুল বাহিনীর ৬টি পোস্ট ধ্বংস করা হয়েছিল, এসকল পোস্টগুলো থেকে সাধারণ মানুষকে হয়রানি করা হতো। আর মুজাহিদদের এই অভিযানে কাবুল সরকারের দুই সেনা কমান্ডার (সৈয়দ ওমর ও আমিনউল্লাহ) সহ ১৮ সেনা নিহত, ২৪ সেনা সদস্য আহত হয়েছে। মুজাহিদগণ জীবন্ত বন্দী করেছেন আরো ৪ সৈন্যকে। এছাড়াও কাবুল বাহিনীর ২টি ট্যাঙ্ক ধ্বংস হয়ে গেছে এবং প্রচুর অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ তালিবান মুজাহিদিন গনিমত লাভ করেছেন।

একই জেলায় এদিন আরো একটি সফল হামলা চালিয়েছেন তালেবান মুজাহিদগণ। যার ফলে কমান্ডারসহ ১১ কাবুল সৈন্য নিহত ও আহত হয়েছে।

এদিকে তালেবানের আরেক মুখপাত্র ক্বারী মুহাম্মদ ইউসুফ আহমদী হাফিজাহুল্লাহ্ জানিয়েছেন, আফগানিস্তানের পশ্চিম হেরত প্রদেশে গোরিয়ান জেলার রাস্তার পাশে কাবুল সরকারের ন্যাশনাল আর্মিকে টার্গেট করে একটি বোমা হামলা চালিয়েছেন মুজাহিদগণ। উক্ত বোমা বিস্ফোরণে কাবুল সরকারের ন্যাশনাল আর্মির (এএনএ) কমপক্ষে ৮ সৈন্য নিহত ও তিন সৈন্য আহত হয়েছে।

অপরদিকে ১৭ নভেম্বর দুপুর ১০:৩০ মিনিটের দিকে ফরিয়াব প্রদেশের কায়সার জেলা কেন্দ্রের পুলিশ সদর দফতরের অভ্যন্তরে একটি শক্তিশালী বোমা বিস্ফোরণ করেন তালেবান মুজাহিদগণ।

বিস্ফোরণে মুরতাদ কাবুল সরকারের স্পেশাল ফোর্সের ৪ সদস্য ও প্রাদেশিক পুলিশ প্রধান (গাইবুল্লাহ সাদাত) এবং কায়সার গ্রুপের কমান্ডার (সিদ্দিক খান) সহ মোট ২৫ মুরতাদ সদস্য ঘটনাস্থলেই মারা যায়।

https://ibb.co/3kkrKHB

সোমালিয়া | পুলিশ হেডকোয়াটারে শহিদী হামলা, ২৬ মুরতাদ সদস্য হতাহত

সোমালিয়ার রাজধানী মোগাদিশুতে শহিদী হামলা চালিয়েছেন একজন আশ-শাবাব মুজাহিদ, এতে কমপক্ষে ১২ পুলিশ সদস্য নিহত এবং আরো ১৪ পুলিশ সদস্য আহত হয়েছে।

শাহাদাহ্ নিউজ এজেন্সীর রিপোর্ট মতে, পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ার রাজধানী মোগাদিশুতে পশ্চিমে সমর্থিত সোমালি সরকারের পুলিশ সদর দফতরে একটু শহিদী হামলা চালপনো হয়েছে। গত ১৭ নভেম্বর পরিচালিত উক্ত শহিদী হামলার আনুষ্ঠানিক দায় স্বীকার করেছে আল-কায়েদা পূর্ব

আফ্রিকা ভিত্তিক শাখা হারাকাতুশ শাবাব। যাতে কমপক্ষে ১২ পুলিশ সদস্য নিহত এবং আরো ১৪ পুলিশ সদস্য আহত হয়েছে।

এদিকে সোমালি পুলিশের মুখপাত্র এক বিবৃতিতে এই হামলার খবরটি নিশ্চিত করেছে, তবে সবমসময়ের ন্যায় এবারও হতাহতের সঠিক পরিসংখ্যান গোপনের চেষ্টা করছে তারা। তাদের দাবি হচ্ছে উক্ত শহিদী হামলায় ৫ পুলিশ সদস্য নিহত এবং ৮ সদস্য আহত হয়েছে।

১৭ই নভেম্বর, ২০২০

ভারতে গেরুয়া সন্ত্রাসীকে বিয়ে না করায় মুসলিম তরুণীকে জীবন্ত জ্বালিয়ে হত্যা

ভারতে বিহারের বৈশালি জেলার আনষ্কার থানার চাঁদপুর অঞ্চলের গুলনাজ খাতুন। এই ২০ বছর বয়সী মুসলিম তরুণীকে প্রায় ৩ মাস ধরে চন্দন কুমার ও সতীশ কুমার জ্বালাতন করতো, প্রথমে গুলনাজকে প্রেম করার জবরদস্তি করে। এমনকি গুলনাজ খাতুনকে বিয়ে করবে বলে এই মালাউন হুমকি পর্যন্ত দেয়। যদি বিয়ে না করে তাহলে হত্যা করবে, তবু গুলনাজ রাজি হয়নি। আর মুসলিম নারী হিসেবে হিন্দু মালাউনকে বিয়ে করতে রাজি না হওয়াটাই তো স্বাভাবিক ছিল। এটাই ইসলামি শরিয়ার নির্দেশ। কিন্তু এটাই তার জন্য কাল হয়ে দাঁড়িয়েছে।

গত ৩০ শে অক্টোবর গুলনাজ খাতুন ও গুলশান খাতুন দুই বোন বাড়ির পাশে আবর্জনা ফেলতে গিয়েছিল। সেই সময় চন্দন কুমার ও সতীশ কুমারসহ তার সঙ্গীরা তাঁকে তুলে এনে শ্লীলতাহানী করে, সে বাধা দেওয়ায় গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেয়। এবং খালে ধাক্কা মেরে দিয়ে পালিয়ে যায়। ছোটো বোন গুলশান চিৎকার করে অনেক দেরিতে মানুষ পৌঁছায়। সবাই আসতে আসতে প্রায় ৮০% পুড়ে যায় গুলনাজ। সেই দেহ নিয়ে হাসপাতালে পৌঁছায়, ১৫ দিন পরে গতকাল রাত্রি ১২ টায় মারা যায় গুলনাজ।

হুমকির মুখে সামাজিক নিরাপত্তা

যুবসমাজের নৈতিক মূল্যবোধের অবক্ষয়ের পাশাপাশি সামাজিক নিরাপত্তার চেইন অব কমান্ড ভেঙে পড়েছে। নিরীহ অসহায় মানুষের ওপর প্রভাবশালী ব্যক্তিদের আক্রোশ চরম মাত্রায় পৌঁছেছে। সামাজিক শ্রদ্ধাবোধ ও ভালোবাসা গড়ে ওঠার পরিবর্তে যুবসমাজের মাঝে এক প্রকার 'ডোন্ট কেয়ার' মনোভাব সৃষ্টি হয়েছে। সমাজে একের পর এক ধর্ষণ, হত্যা-খুন, সংঘর্ষ, মারামারি-হানাহানিতো লেগেই আছে। পারিবারিক কলহ এখন নিত্যনৈমিত্তিক ব্যাপার। মাদকাসক্ত ছেলের হাতে বাবা-মা খুন হচ্ছেন। রাস্তাঘাটে নারী উত্ত্যক্ত করা বখাটে যুবকদের ব্যাধিতে পরিণত হয়েছে। ঠুনকো বিষয় নিয়ে মানুষ পিটিয়ে হত্যার মতো জঘন্য ঘটনাও এখন চোখে পড়ে। সমাজের প্রতিটি রন্ধ্রে রন্ধ্রে উঠতি বয়সীদের হাতে অবৈধ অর্থের প্রভাব এত বেশি যে এলাকার মুরব্বিদেরও তারা তোয়াক্কা করে না।

সামাজিক নিরাপত্তাবেষ্টনী ভেঙে প্রতিটি পাড়া-মহল্লা নিজেদের কবজায় নেয়ার জন্য গড়ে উঠেছে 'কিশোর গ্যাং' নামের একটি মাস্তান বাহিনী। যাদের ভয়ে সমাজের সভ্য ও ভদ্র মানুষের পক্ষে পরিবার-পরিজন নিয়ে স্বাভাবিক জীবনযাপন করা অনেকটা দুর্বিষহ হয়ে উঠেছে। গত বৃহস্পতিবার সাভারের রাজাশন আমতলা এলাকায় পারিবারিক কলহে সুমন মিয়ার বিরুদ্ধে তার স্ত্রীকে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে।

এর আগে গত মাসে সাভারে শত্রুতার জেরে পিকআপ চালক আনোয়ার হোসেনকে পিটিয়ে হত্যা করা হয় বলে নিহতের পরিবার অভিযোগ করে। গত ৬ অক্টোবর নোয়াখালীর সুবর্ণচর উপজেলা চরজব্বর ইউনিয়নের ১নং ওয়ার্ডে মা নুরজাহান বেগমকে হত্যার পর পাঁচ টুকরা করে পাশের ধানক্ষেতে ছড়িয়ে-ছিটিয়ে রাখে ছেলে হুমায়ুন ও তার সহযোগীরা।

গত মাসে পারিবারিক বিরোধের জেরে সাতক্ষীরার কলারোয়া উপজেলার খলিসা গ্রামে বড় ভাই-ভাবী এবং ভাতিজা ও ভাতিজিকে চাপাতি দিয়ে কুপিয়ে নির্মমভাবে হত্যা করে ছোট ভাই রায়হানুল। এ ঘটনার আগে ১১ অক্টোবর নারায়ণগঞ্জের বন্দর উপজেলার আদমপুর এলাকায় সাংবাদিক ইলিয়াছ শেখকে কুপিয়ে নির্মমভাবে হত্যা করে স্থানীয় সন্ত্রাসী তুর্য, তুষার ও তাদের সহযোগীরা।

গত ১৩ অক্টোবর বগুড়ায় ভাগ্নেকে মারধর করার প্রতিবাদে ফ্লেক্সিলোড ব্যবসায়ী মামা, গত ১০ অক্টোবর নারায়ণগঞ্জের ফতুল্লায় এক গার্মেন্ট শ্রমিক, গত ৩ সেপ্টেম্বর গাজীপুরে কিশোর নুরুল ইসলাম, গত ১৩ মে চট্টগ্রামের সীতাকুণ্ড পৌর সদরের দক্ষিণ মহাদেব ভূঁইয়ারপাড়া এলাকায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে দুই তরুণ মো: শাহীন ও জাহিদ হোসেন কিশোর গ্যাংয়ের হাতে খুন হন।

গত ২৯ অক্টোবর রংপুরের মিঠাপুকুরে এক মাদরাসাছাত্রীকে ঘরের মধ্যে ঢুকে ধর্ষণ করে এলাকার বখাটে রেজোয়ান মিয়া। একই গ্রামের ওই বখাটে রেজোয়ান মিয়া বিভিন্ন সময় উত্ত্যক্ত করত এবং

কুপ্রস্তাব দিয়ে আসছিল। এর আগে নোয়াখালীর একলাশপুরে গৃহবধূকে বিবস্ত্র করে নির্যাতনের ঘটনা দেশ-বিদেশে আলোড়ন সৃষ্টি করে।

এর রেশ কাটতে না কাটতেই কিছুদিন পর জেলার চাটখিলে বসতঘরে ঢুকে চাচীকে ধর্ষণ করে এবং ভিডিও ধারণ করে প্রতিবেশী ভাসুরের ছেলে শরীফ বাহিনীর প্রধান মজিবুর রহমান শরীফ ও তার লোকজন।

দেশের প্রায় প্রতিটি গ্রামেগঞ্জে, হাটাবাজারে, পাড়া-মহল্লায় প্রতিনিয়ত খুন, হত্যা-ধর্ষণের মতো নির্মম ও পৈশাচিক অপরাধ সংঘটিত হচ্ছে। বাসা-বাড়িতে ঘুমিয়ে থাকলেও সামাজিক নিরাপত্তা পাচ্ছেন না পরিবারের কোনো সদস্য। ঘরে ঢুকে ধর্ষণ, ধর্ষণের পর হত্যাসহ নানা অজানা আতঙ্ক প্রতিনিয়ত তাড়া করছে। নারী ও শিশুরা স্কুলে যাওয়ার পথে বখাটে ছেলেরা তাদের কখনো কখনো উত্ত্যক্ত করছে আবার কখনো কখনো অপহরণ করে পরিবারের কাছ থেকে বড় অঙ্কের টাকা হাতিয়ে নিচ্ছে।

এসব খবরের কোনোটা গণমাধ্যমে উঠে আসছে আবার কোনোটা হারিয়ে যাচ্ছে। প্রত্যন্ত অঞ্চলের বেশির ভাগ অপরাধের খবরতো গণমাধ্যমে আসে না। যার হিসাবও রেকর্ডেও থাকছে না। অপরাধী প্রভাবশালী হলেতো কথাই নেই। ক্ষমতার দাপটে অথবা টাকার প্রভাবে ঘটনা ধামাচাপা পড়ে যাওয়ার মতো ঘটনা ঘটছে অহরহ।

এ প্রসঙ্গে সুশাসনের জন্য নাগরিক-সুজনের সম্পাদক ড. বদিউল আলম মজুমদার বলেন, সমাজের কিছু নিয়মনীতি আছে। এগুলো যখন অনুসরণ করা না হয় তখন সমাজের সব কিছু ওলোট-পালট হয়ে যায়। যেমন- সূর্য, চন্দ্র, নক্ষত্র ও পৃথিবী প্রত্যেকেই আলাদা কক্ষপথে চলছে। তারা নিয়মের মধ্যে আছে বলেই কোনো সমস্যা হচ্ছে না। তেমনি সমাজেরও কিছু নিয়ম আছে, এগুলো সমাজের মানুষ অনুসরণ করছে না বলেই সমাজব্যবস্থা ভেঙে পড়ছে।

তিনি বলেন, যখন সমাজের ভারসাম্য নষ্ট হয়ে যায়, অন্যভাবে বিরোধ মীমাংসার চেষ্টা করে, জোরজবরদস্তি করে অন্যের অধিকার ভোগদখল করা হয়, স্বাভাবিক নিয়ম অনুসরণ করা হয় না তখন তখন সমাজব্যবস্থা ঠিক থাকে না।

এ দিকে শিশু অধিকারবিষয়ক সংসদীয় ককাস এবং সমাজকল্যাণ ও উন্নয়ন সংস্থার তথ্য মতে, বিগত ১০ বছরে মাদকাসক্তের কারণে দেশে ২০০ মা-বাবা খুন হয়েছেন। দেশে ৭০ থেকে ৭৫ লাখ মাদকাসক্ত রয়েছে। প্রতি বছর মাদকের পেছনে প্রায় ৬০ হাজার কোটি টাকা নষ্ট হচ্ছে। বর্তমানে শিশু ও নারীদের মধ্যে মাদকাসক্তের সংখ্যা বাড়ছে। বিশেষ করে ইয়াবা ছেলেদের মতো মেয়েরাও অবলীলায় সেবন করছে।

অন্য দিকে আইন ও সালিশ কেন্দ্রের তথ্য মতে, গত জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত গত ১০ মাসে দেশে ধর্ষণ হয়েছে ১ হাজার ৩৪৯ জন নারী, ধর্ষণের চেষ্টা করা হয়েছে ২৭১ জনকে, ধর্ষণের পর হত্যা করা হয়েছে ৪৬ জনকে এবং ধর্ষণের পর আত্মহত্যা করেছে ১৩ জন নারী। পারিবারিক কলহে স্বামীর হাতে ২০৫ জন স্ত্রী নিহত হয়েছেন, স্বামীর পরিবারের মাধ্যমে ৬৩ জন নারী নিহত হয়েছেন, নিজ পরিবারের মাধ্যমে নিহত হয়েছেন ৫২ জন নারী এবং আত্মহত্যা করেছেন ৮০জন নারী। গত ১০ মাসে ৩৫টি গৃহকর্মী নির্যাতনের ঘটনা ঘটেছে, এর মধ্যে ২১ জন গৃহকর্মী মারা গেছেন।

যৌতুকের দাবিতে নির্যাতনের ঘটনায় মারা গেছেন ৭৪ জন নারী, নির্যাতনের ঘটনা ঘটেছে ৮১টি এবং এ ঘটনায় কেস ফাইল হয়েছে ১২৫টি ঘটনার। সারা দেশে এসিড সন্ত্রাসের শিকার হয়েছেন ২৪ জন নারী ও শিশু। গত ১০ মাসে ৪৮৫ জন শিশু নির্মম হত্যার শিকার হয়েছে, যার মধ্যে ২২৫টি কেস ফাইল হয়েছে। সারা দেশে যৌন নির্যাতনের শিকার হয়েছেন ১৮০ জন নারী এবং পুরুষ নির্যাতনের শিকার হয়েছেন ১০২ জন। এর মধ্যে ১৪ জন নারী আত্মহত্যা করেছেন। দেশে ১১৮টি রাজনৈতিক সহিংসতার ঘটনা সংঘটিত হয়েছে।

এসব ঘটনায় ২৬ জন নিহত ও ১ হাজার ৩৪৪ জন আহত হয়েছেন। এসব চিত্র শুধু মূল ধারার কয়েকটি পত্রিকায় প্রকাশিত সংবাদের ওপর ভিত্তি করে তৈরি করা আজকের প্রতিবেদন। ধারণা করা হচ্ছে, উল্লেখিত সংখ্যার চেয়ে এ সংখ্যাটা কয়েক গুণ বেশি; প্রকৃত চিত্র আরো ভয়াবহ।

চলমান সামাজিক অস্থিরতার বিষয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. শামছুল আলম সেলিম নয়া দিগন্তকে বলেন, বিদেশী চ্যানেলে যে সিরিয়ালগুলো হচ্ছে সমাজে এর কুপ্রভাব পড়ছে। আগে যৌথ পরিবারের যে অনুশাসন মেনে চলত, পরিবারের কর্তাকে মেনে চলা, সমাজের মুরব্বি বয়োজ্যেষ্ঠদের মান্য করা, পারিবারিক, সামাজিক শ্রদ্ধাবোধ- এগুলো এখন আর দেখা যায় না। সমাজে ধর্মীয় অনুশাসনগুলো শিথিল হয়ে পড়েছে। নয়া দিগন্ত

মেয়র রিপনের গুলিতে আপন ছোট ভাই আহত

পারিবারিক বিরোধকে কেন্দ্র করে ভাইদের মধ্যে হাতাহাতির ঘটনায় আপন ছোট ভাইকে গুলি করেছে খাগড়াছড়ির রামগড় পৌরসভার মেয়র কাজী শাহাজান রিপন।

রবিবার (১৫,নভেম্বর) রাত ৯টার দিকে তাদের নিজ বাড়িতে এই ঘটনা ঘটে। গুলিবিদ্ধ সহোদর কাজী শাহরিয়ার ইসলাম সাহেদকে আহত অবস্থায় উন্নত চিকিৎসার জন্য চট্টগ্রাম মেডিক্যাল কলেজ

হাসপাতালে পাঠানো হয়েছে। এসময় তাদের আরেক ভাই জিয়াউল হক শিপনও মাথায় আঘাত পেয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।

ঘটনার প্রত্যক্ষদর্শী তাদের আরেক ভাই কাজী সাইফুল ইসলাম শিমুল জানান, দীর্ঘদিন ধরে অন্যায়ভাবে পারিবারিক সম্পত্তি দখল এবং টাকা আত্মসাতের কারণে মেয়র কাজী রিপনের সাথে তাঁর অপর ভাইদের দ্বন্দ্ব চলে আসছিলো। যার পরিপ্রেক্ষিতে এই ঘটনা ঘটে। ওই রাতে বাড়ির সীমানায় প্রবেশের মুহূর্তেই মেয়র কাজী শাহজাহান রিপন এবং তাদের অপর ভাই জিয়াউল হক শিপন কাজী সাহেদকে কিল,ঘুষি মেরে মাটিতে ফেলে দেয়। এক পর্যায়ে কাজী শাহজাহান রিপন ক্ষিপ্ত হয়ে তাঁর পায়ে একাধিক গুলি করে। এতে সে অজ্ঞান হয়ে পড়লে স্থানীয়রা তাকে উদ্ধার করে রামগড় স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। প্রাথমিক চিকিৎসার পর তাকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়।

রামগড় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)মোহাম্মদ শামসুজ্জামান জানান,"পৌর মেয়র কাজী রিপন এবং তাঁর ভাইদের মাঝে পৈতৃক সম্পত্তি নিয়ে দীর্ঘদিন দ্বন্দ্ব চলছে। পারিবারিক দ্বন্দ্বের জের ধরে ভাইদের মাঝে এই ঘটনা ঘটে থাকতে পারে। গুলিবিদ্ধ হয়ে একজন আহত এবং অন্যজনের মাথায় আঘাত পাওয়ার খবর শুনেছি।"

কালের কণ্ঠ

খোরাসান | তালেবান মুজাহিদিন কর্তৃক দাশ্ত-আরচি জেলা বিজয়

আফগানিস্তানের কুন্দুজ প্রদেশের দাশ্ত-আরচি জেলা বিজয় করে নিয়েছেন ইমারতে ইসলামিয়ার জানবাজ তালেবান মুজাহিদিন।

শামশাদ ও আযম টিভির বরাতে জানা গেছে, কুন্দুজে নিয়োজিত কাবুল সরকারের প্রাদেশিক কাউন্সিলর ঘোষণা করেছে যে, এই প্রদেশের দাশ্ত-আরচি জেলাটি তালেবানরা ইতিমধ্যে নিজেদের দখলে নিয়েছে।

প্রাদেশিক কাউন্সিলর প্রধান মোহাম্মদ ইউসুফ আইয়ুবি 'আফগান নিউজ'কে দেওয়া এক স্বাক্ষাতকারে জানিয়েছে যে, জেলাটির প্রধান বাজার, জেলা কেন্দ্র এবং অন্যান্য সুরক্ষিত এলাকায় তালিবানরা সকাল বেলায়ই পৌঁছে গিয়েছিল। তাঁরা পুলিশ সদর দফতর নিয়ন্ত্রণে নিয়েছে।

তালেবান সমর্থক একাধিক সংবাদ মাধ্যম জানিয়েছে যে, মুজাহিদগণ গত দুদিন ধরে জেলার সুরক্ষা পোস্টগুলিতে বিক্ষিপ্তভাবে হামলা চালিয়ে আসছিলেন, সর্বশেষ মুজাহিদগণ ১৬ নভেম্বর সকাল ৯:৪০ মিনিটের সময় জেলাটির সকল গুরুত্বপূর্ণ সরকারি ও সামরিক স্থাপনা নিজেদের দখলে নিয়েছেন।

এদিকে, কাবুল সরকারের নিয়োজিত কুন্দুজ গভর্নরের এক মুখপাত্র তালেবান মুজাহিদদের হাতে জেলাটির পতনকে অস্বীকার করেছে, সে বলছে যে, এখনো সেখানে যুদ্ধ চলছে, কাবুল সরকার নতুন একটি সামরিক বাহিনীর জেলাটিতে পাঠিয়েছে।

উল্লেখ্য যে, দাশ্ত-আরচি জেলার রাজধানী দখলে অতীতে তালেবান মুজাহিদিন ও মুরতাদ কাবুল সরকারের মধ্যে বেশ কয়েকটি বড়ধরণের যুদ্ধ হয়েছিল, সেসময়ই তালেবান মুজাহিদিন রাজধানীর কেন্দ্র ব্যতীত সমস্ত অঞ্চল নিজেদের নিয়ন্ত্রণে নিয়েছিলেন।

https://ibb.co/LxtYw0k

https://ibb.co/S7jYfwd

https://ibb.co/pWNKqWv

https://ibb.co/TtsvXWz

https://ibb.co/N9m6nf0

